



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৯.৫০.০১৫.২০২১-৭৯

তারিখ: ০৮/১২/২০২২ খ্রি.

বিষয়: মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৫৯১৬/২০০৮ এর আদেশের আলোকে শিক্ষা প্রতিষ্ঠান এবং কর্মক্ষেত্রে যৌন হয়রানি প্রতিরোধের লক্ষ্যে কমিটি গঠন এবং বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা প্রদান।

সূত্র: ৩৭.০২.০০০০.১০১.১৮.০০২.২০১৫.১৯১৭৭/১৪, তারিখ: ২৭ মে, ২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল অফিস ও সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি প্রতিরোধের লক্ষ্যে কমিটি গঠন এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য তাগিদ প্রদান করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানে এ বিষয়ে অদ্যাবধি কোনো কমিটি গঠন করা হয়নি যা আদালত অবমাননার শামিল। এমতাবস্থায়, জবুরিভিত্তিতে এ বিষয়ে কমিটি গঠন এবং এর বাস্তবায়নের জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

- সকল শিক্ষা প্রতিষ্ঠান ও কর্মক্ষেত্রে, উল্লিখিত বিষয়ে অভিযোগ গ্রহণ, তদন্ত পরিচালনা এবং সুপারিশ করার জন্য কর্তৃপক্ষ কমপক্ষে ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করবে যার মধ্যে সংখ্যাগরিষ্ঠ সদস্য হবেন নারী। সম্ভব হলে কমিটির প্রধান হবেন নারী;
- কমিটি গঠনের ক্ষেত্রে সং, দক্ষ এবং সক্রিয় সদস্যগণকে অগ্রাধিকার দিতে হবে;
- কমিটির দুইজন সদস্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বাইরে অন্য প্রতিষ্ঠান থেকে নিতে হবে, তবে এক্ষেত্রে জেডার ও মানবাধিকার বিষয়ে যারা কাজ করে তাদেরকে অগ্রাধিকার দিতে হবে;
- অপরাধ প্রমাণিত না হওয়া পর্যন্ত কমিটি অভিযোগকারী এবং অভিযুক্ত ব্যক্তির পরিচয় গোপন রাখবে;
- অভিযোগ গ্রহণকারী কমিটি ৩০ দিনের মধ্যে সুপারিশসহ তদন্ত প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট দাখিল করবে। প্রয়োজনে (যদি উপযুক্ত কারণ থাকে) কর্তৃপক্ষ এ সময়সীমা ৩০ কর্মদিবস থেকে ৬০ কর্মদিবস বাড়াতে পারবে;
- প্রতিষ্ঠানের সম্মুখে যৌন হয়রানি প্রতিরোধ সংক্রান্ত একটি অভিযোগ বক্স থাকবে।

এমতাবস্থায়, আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে উল্লিখিত বিষয়ে কমিটি গঠন নিশ্চিত করতে হবে। এর ব্যত্যয় ঘটলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অত্র কমিটি গঠনের তদারকির বিষয়টি মাঠপর্যায়ের কর্মকর্তাগণ নিশ্চিত করবেন। এছাড়াও আঞ্চলিক পরিচালক এবং উপপরিচালক (মাধ্যমিক) তার আওতাধীন যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ও অফিসে এ বিষয়ে এখনো কমিটি গঠন করেননি তাদের তালিকা তৈরি করে আগামী ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখের মধ্যে মাউশি অধিদপ্তর বরাবর হার্ড কপি এবং সফট কপি Email এ (knd780709@gmail.com) প্রেরণ নিশ্চিত করবেন।

অধ্যাপক নেহাল আহমেদ
মহাপরিচালক

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো: (জেপে তার ক্রমানুসারে নয়)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
e-mail: director.edu.raj@gmail.com
website: www.dshe.rajshahidiv.gov.bd



তারিখ: ১২/১২/২০২২ খ্রি.

স্মারক নং- মাউশি/রাজ/২০২২/২০৬৭

০১. অধ্যক্ষ (সকল), সরকারি কলেজ, রাজশাহী অঞ্চল।

০২. জেলা শিক্ষা অফিসার (সকল), রাজশাহী অঞ্চল।

[পত্রের মর্মানুযায়ী আপনার জেলাধীন শিক্ষা প্রতিষ্ঠান ও অফিসে এ বিষয়ে কমিটি গঠন করে আগামী ১৮/১২/২০২২ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর ই-মেইলে (director.edu.raj@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো]

০৩. সংরক্ষণ নথি।

প্রফেসর মো: মাহবুবুর রহমান শাহ
পরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
সিরাজগঞ্জ



তারিখ: ১২/১২/২০২২ খ্রি.।

স্মারক নং-জেসিঅ/সিরাজ/২০২২/ ১২৬৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১-৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), উপজেলা :, জেলা- সিরাজগঞ্জ- তাঁকে বর্ণিত পত্রের নির্দেশনা মোতাবেক তার আওতাধীন অফিস এবং শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি বিষয়ে কমিটি গঠন করে MS WORD FILE আগামী ১৭/১২/২০২২ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর ইমেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১০। অফিস নথি।


(কাজি সলিম উল্লাহ)
জেলা শিক্ষা অফিসার
সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।
ই-মেইল useo_sad@yahoo.com
ওয়েব পোর্টাল seo.sirajganjsadar.sirajganj.gov.bd

স্মারক নং-উমাশিঅ/সদর/সিরাজ/২২/২৭৮(৯৫)

তারিখঃ- ১৩/১২/২০২২খ্রিঃ

পত্রের মর্মানুযায়ী যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে জেনারেশন ব্রেকথ্রু প্রকল্পের সহায়তায় শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি বিষয়ে কমিটি গঠন আছে এবং যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে এ সংক্রান্ত কমিটি নাই সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে নতুন কমিটি গঠন করে MS WORD FILE এ হার্ড কপি এবং সফট কপি আগামী ১৫/১২/২০২২খ্রিঃ এর মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের useo_sad@yahoo.com ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো । বিষয়টি অতীব জরুরী ।



(এলিজা সুলতানা)

অধ্যক্ষ/প্রধান শিক্ষক(সরকারি ও বেসরকারি),----- স্কুল এন্ড কলেজ/
কলেজ/উচ্চ/নিম্ন মাধ্যমিক বিদ্যালয়(সকল) সদর, সিরাজগঞ্জ ।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।
অফিস টেলিঃ ০২৫৮৮৮৩০২৫২
অফিস টেলিঃ ০২৫৮৮৮৩০২৫২